

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
যশোর অঞ্চল, যশোর।
dae-jasreg.khulnadiv.gov.bd

স্মারক নং- ১২.০১.৪১০০.০৩৯.০৬.০৬২.২০.৯৮২ (১৫)

তারিখঃ ০১/০৬/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ জনাব মোঃ শিমুল হোসেন, কুক, হার্টিকালচার সেন্টার, মাগুরা প্রেষণে অত্র দপ্তরে কর্মরত এর চিকিৎসার জন্য দোয়া ও আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শিমুল হোসেন, কুক, হার্টিকালচার সেন্টার, মাগুরা প্রেষণে অত্র দপ্তরে কর্মরত এর ডাক্তারের পরামর্শ অনুযায়ী ২য় বার হার্নিয়া অপারেশন করতে হবে, এছাড়াও ইউরিক এসিডের পরিমাণ বেশি এবং কিডনীতে ইনফেকশন হওয়ায় সুচিকিৎসার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অধিক ব্যয় হবে। উক্ত ব্যতির সুচিকিৎসার জন্য অত্র অঞ্চলের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর নিকট তাকে আর্থিক সহায়তা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আর্থিক সাহায্য পাঠানোর ঠিকানাঃ

মোঃ শিমুল হোসেন
সোনালী ব্যাংক লিঃ
সঞ্চয়ী হিসাব নং- ২৩১৫০০১০১৮০৭৬
কর্পোরেট শাখা, যশোর।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।


মোঃ আবু হোসেন
পরিচিতি নং- ১৭০৪
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
যশোর অঞ্চল, যশোর।

(Signature)

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণঃ

- ১। অধ্যক্ষ, এটিআই, বিনাইদহ।
- ২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... (সকল) জেলা। আপনার অধিনস্থ সকল উপজেলায় চিঠিতে প্রেরণের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।
- ৩। উপ-পরিচালক/উদ্যানতত্ত্ববিদ/নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার, খয়েরতলা, যশোর/বারাদি, মেহেরপুর/মাগুরা/বিনাইদহ/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা।
- ৪। উপপরিচালক/ অতিরিক্ত উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, বেনাপোল, যশোর/দর্শনা, চুয়াডাঙ্গা।
- ৫। অফিস নথি।

ডি ডি	উদ্যান	প্রঃ সহকারী	হিসাব বৃক্ষক	টৌর কিপার
ইনস্পেক্টর	ক্যাশিয়ার	টৌনো	কন্ট্রোল রুম	

বরাবর
 ০০/০০/২০
 অতিরিক্ত পরিচালক
 কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
 যশোর অঞ্চল, যশোর।

অতিরিক্ত পরিচালক
 কৃঃ সম্প্রঃ অধিঃ যশোর
 গ্রহণ নং ১৭৬ তাং ০০/০০
 নথি নং- ২০২৬

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন।

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ শিমুল হোসেন, কুক, হার্টিকালচার সেন্টার মাগুরা প্রেষণে অত্র দপ্তরে কর্মরত আছি। আমি একজন গরীব ঔর্থ শ্রেণীর কর্মচারী। আমার একবার হার্নিয়া অপারেশন করা হয় কিন্তু বর্তমানে আমার শারীরিক সমস্যা হওয়ার কারণে আবার ডাক্তারের কাছে গেলে ডাক্তার বলে আপনার আবারও হার্নিয়া অপারেশন করতে হবে। এছাড়াও ডাক্তারের রিপোর্টে ইউরিক এসিডের পরিমাণ বেশি এবং কিডনীতে ইনফেকশন ধরা পড়ে। সে কারণে ডাক্তারের রিপোর্ট মতে আমার আবার হার্নিয়া অপারেশনসহ, ইউরিক এসিডের পরিমাণ বেশি এবং কিডনীতে ইনফেকশন এর সুচিকিৎসার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এর অধিক ব্যয় হবে। আমি একজন গরীব কর্মচারীর পক্ষে এত অর্থ ব্যয় করে সুচিকিৎসা করা সম্ভব হচ্ছে না।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমি যাতে আর্থিক সাহায্য পেয়ে সকল রোগের সুচিকিৎসা করতে পারি তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সদয় মর্জি হয়।

মোঃ শিমুল হোসেন

সঞ্চয়ী ব্যাংক হিসাব নং-২৩১৫০০১০১৮০৭৬

সোনালী ব্যাংক লিঃ

কর্পোরেট শাখা, যশোর।

তারিখঃ ০০/০০/২০২৬

বিনীত নিবেদক

আপনার একান্ত অনুগত

শ্রীঃ শিমুল হোসেন

মোঃ শিমুল হোসেন

কুক, হার্টিকালচার সেন্টার মাগুরা।

প্রেষণে- অতিরিক্ত পরিচালকের কার্যালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

যশোর অঞ্চল, যশোর।